ঢাকা ওয়াসা

১। এফ এম বিভাগ হতে প্রাপ্ত চাহিদা পত্র ও স্পেসিফিকেশন।

২) সংগ্রহ বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থবছরের কর্মপরিকল্পনার কপি ।

৩) সংগ্রহ বিভাগ-২ হতে প্রস্তুতকৃত স্পেসিফিকেশন।

৪) পূর্বের অনুমোদিত দরের কপি।

৫) আলোচ্য সংগ্রহ কাজের প্রাক্কলন ।

বিষয়:- Procurement of Different components of VFD for F.M Division, Dhaka WASA.

অনুচ্ছেদ: ১.০

সংযুক্তি নং-১ হতে ৫ দেখা যেতে পারে। ঢাকা ওয়াসার এফ. এম. বিভাগ-১ এর আওতাধীন এলাকায় ৬৩০ টির অধিক গভীর নলকূপ চালু আছে এবং প্রতিনিয়ত এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। উল্লিখিত গভীর নলকূপগুলোর আধুনিক ও বিদ্যুৎ সাশ্রয়ী রক্ষণাবেক্ষনের জন্য ৯০ কিলোওয়াট ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি ড্রাইভ (ভিএফডি) প্রয়োজন হয়। সেইপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে সংগ্রহ বিভাগ কর্তৃক সংগ্রহকৃত ভিএফডি উল্লেখিত পাম্প সমূহে স্থাপন করা হয়েছে। ভিএফডি সমূহ হতে নিরবচ্ছিন্ন সেবা প্রাপ্তির লক্ষ্যে নিয়মিত সার্ভিসিং করতে হয়। স্থাপনকৃত বেশির ভাগ ভিএফডি সমূহের ওয়ারেন্টি পিরিয়ড সমাপ্ত হয়ে গিয়েছে। বিধায় উক্ত ভিএফডি সমূহ রক্ষণাবেক্ষন কাজের জন্য এফ এম বিভাগ-১ এর ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশের চাহিদা সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সফটওয়ার এর মাধ্যমে প্রেরণ করেছেন (স: ক্র: নং:-১)

অনুচ্ছেদ: ১.১

এফ. এম. বিভাগ-১ এর চাহিদার প্রেক্ষিতে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করতঃ এফ এম বিভাগ-১ এর ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সংগ্রহের উদ্যোগ গ্রহন করা হয়েছে। ঢাকা ওয়াসা একটি জরুরী সেবামূলক সংস্থা হওয়ায় এফ.এম বিভাগ কর্তৃক ভিএফডি এর সমস্যা পাওয়া মাত্র তা সমাধান ও ভিএফডি সমূহের কার্যকাল বা স্থায়ীত্ব রক্ষায় প্রয়োজনীয় পরিমান স্পেয়ার পার্টস মজুদ রাখা প্রয়োজন। সেই প্রেক্ষিতে ব্যবহারকারী বিভাগের চাহিদার প্রেক্ষিতে সংগ্রহ বিভাগ-২ এ প্রদত্ত চাহিদার আলোকে অত্র বিভাগ প্রয়োজনীয় মালামাল সমূহ সংগ্রহ করে থাকে। সেই মোতাবেক এফ.এম বিভাগ হতে প্রাপ্ত জরুরী চাহিদার প্রেক্ষিতে সংযুক্ত চাহিদাপত্র অনুযায়ী ক্রয়ের জরুরী উদ্যোগ গ্রহণ করা হয়েছে (তালিকা সংযুক্ত-১)। সংগ্রহকৃত মালামালের গুনগত মান নিশ্চিত করনের লক্ষ্যে সংগ্রহ বিভাগ-২ এ সংরক্ষিত ভিএফডি এর প্রতিটি আইটেমের জন্য একটি করে নমুনা সংরক্ষিত আছে। দরপত্রের শর্তে, দরদাতাগন সংগ্রহ বিভাগ-২ এ সংরক্ষিত নমুনা অনুযায়ী মালামাল সরবরাহ করবেন মর্মে শর্ত উল্লেখ রাখা যেতে পারে।

অনুচ্ছেদ: ১.২

এফ.এম বিভাগ হতে প্রাপ্ত চাহিদার প্রেক্ষিতে ভিএফডি এর বিভিন্ন প্রকার খুচরা যন্ত্রাংশ সংগ্রহের লক্ষ্যে পূর্বের অনুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে।(সংযুক্তি নং-৫)। প্রাক্কলিত ব্যয় টাঃ ৬৮,৩০,৫৮০.১৯ (আটষট্টি লক্ষ ত্রিশ হাজার পাঁচশত আশি দশমিক এক নয় টাকা মাত্র) টাকা। আলোচ্য সংগ্রহ কাজের ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের কর্ম-পরিকল্পনার "ভিএফডি ক্রয়" খাত এর ক্রমিক নং-০৯ এ অর্ন্তভূক্ত রয়েছে (সংযুক্তি নং-২)। সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে। DoFP অনুযায়ী আলোচ্য কাজের অনুমোদনকারী কর্তৃপক্ষ ব্যাবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

অনুচ্ছেদ: ১.৩

আলোচ্য সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরন পুর্বক e-GP System এ Open Tendering Method (OTM) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে। সংগ্রহ কাজটির দরপত্র দলিল CPTU প্রণীত STD (PG-3) অনুসরন পুর্বক প্রনয়ন করা হবে। এছাড়া STD এর ITT 1-1 তে Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA রাখা হয়েছে। উক্ত দরপত্র দলিলের STD অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1(a) তে সার্বিক ক্রয় কাজের অভিজ্ঞতা (Overall Supply Experience) ৫ বৎসর এবং ITT 15.1(b) "The satisfactory completion of supply of similar Goods of minimum 50 Lakh under maximum 1 (one) contract in the last 5 (Five) of years i.e years counting backward from the date of publication of IFT in the e-GP System" রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 16.1 (a) তে দরদাতার নুন্যতম লিকুইড এসেট ৫০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে। আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তিবাস্তবায়ন কাজ সমুহ হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ: ১.৩

এমতাবস্থায়, উপরোক্ত অনুচ্ছেদ-১.০ হতে ১.২ এর বর্ননার আলোকে ঢাকা ওয়াসার এফ.এম বিভাগের জন্য ভিএফডি এর খুচরা যন্ত্রাংশ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারেঃ-

ক) উপস্থাপিত সংগ্রহ কাজে টাঃ ৬৮,৩০,৫৮০.১৯ (আটষট্টি লক্ষ ত্রিশ হাজার পাঁচশত আশি দশমিক এক নয় টাকা মাত্র) টাকার প্রাক্কলন অনুমোদন।

(খ) সংগ্রহ কাজটির ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের কর্ম-পরিকল্পনার "ভিএফডি ক্রয়" খাত এর ক্রমিক নং-০৯ হতে ব্যয় নির্বাহের অনুমোদন।

গ) সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে বাস্তবায়ন এর অনুমোদন।

ঘ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

৩০/১০/২৪
রঞ্জন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।

SDE
30.10.24
সাইমুজ হক
উপ-বিভাগীয় প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।

EE
10.11.24
মোঃ মাজহারুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা

SE (~~RPE~~ &M)
10.11.2024
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

CE
14.11.24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

DMD (O&M)

28/11/2024
(...এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

CE

01/12/24
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

SE, MODS-1

mem. sect
০২/১২/২০২৪
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০৭.১২.২০২৪
এস. এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ
ঢাকা ওয়াসা।

DHAKA WASA

১.৫ টাস্কফোর্স টিম-২ হতে প্রাপ্ত সংগ্রহ বিভাগ-২ এর নথিটি পর্যবেক্ষণ করা হয়েছে। নথিটির প্রাক্কলন, পন্যের টেকনিক্যাল স্পেশিফিকেশন এবং এফ এম ডিভিশন-২ হতে প্রেরিত চাহিদাপত্রে উল্লেখিত স্পেশিফিকেশন পর্যবেক্ষণ করে দেখা যায় যে, বেশিরভাগ আইটেমের প্রাক্কলিত দর নির্ধারনের ক্ষেত্রে অসঙ্গতি রয়েছে। অর্থাৎ টেকনিক্যাল স্পেশিফিকেশন অনুযায়ী যথাযথ দর নির্ধারন করা হয়নি। নিচে দরের ক্ষেত্রে প্রাপ্ত অসঙ্গতিগুলো ছক আকারে দেয়া হলঃ

SL .No	Description of Items	Price as per Office Estimates	Price as per Specifications	Comments
1.	IGBT Module	70000	64000	
2.	Input Protection Plate (3 Phase)	11600	9000	
3.	Rectifier Diode	34599	28500	
4.	Terminal Board	17950	17950	Found Okay
5.	Control Circuit	62000	61600	
6.	Main Circuit Board	51200	50600	
7.	LCD Parameter Unit	26800	25000	
8.	Three Wire Cooling Fan	12000	10672	
9.	Wire Harness	36000	36000	Found Okay

১.৬ নথিটির বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য আহ্বায়ক, টাস্কফোর্স টিম-২ বরাবর প্রেরিত হল।

4/12/24

Jeni Chakma
Executive Engineer-1 (Tec-2)
PMU, DWSNIP
Dhaka WASA

MS (Taskforce Team-2)

Chairman, Taskforce Team-2

04.12.2024

এস. এম. তৌফিকুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পি এন্ড ডি (পানি ও হাইড্রোলজি) বিভাগ
ঢাকা ওয়াসা।
ও
সদস্য সচিব, Taskforce

মোঃ আব্দুল মান্নান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্‌স সার্কেল-১, ঢাকা ওয়াসা
ও
আহবায়ক
টাস্কফোর্স-২, ঢাকা ওয়াসা।

C/E

SE, RPES/M

08.12.24

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী

DWSNIP

৬) আলোচ্য সংগ্রহ কাজের সংশোধিত প্রাক্কলন।

১.৭। অনুচ্ছেদ নং ১.৫ এর আলোকে টাস্কফোর্স টিম-২ এর মতামত পাওয়া গিয়েছে। টাস্কফোর্স টিম-২ এর মতামতের ভিত্তিতে আলোচ্য সংগ্রহ কাজটি এফ.এম বিভাগের প্রেরিত চাহিদা পত্রে উল্লেখিত স্পেসিফিকেশন অনুযায়ী প্রাক্কলন সংশোধন করতঃ পূনরায় উপস্থাপন করা হল।

১.৮। এমতাবস্থায়, অনুচ্ছেদ নং-১.০ হতে ১.৭ এর বর্ণনার আলোকে ঢাকা ওয়াসার এফ.এম বিভাগ এর ভিএফডি সমূহ রক্ষণাবেক্ষন ও মেরামত কাজের জন্য ভেরিয়েবল ফ্রিকুয়েন্সি ড্রাইভ (ভিএফডি) এর বিভিন্ন খুচরা যন্ত্রাংশ সংগ্রহের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে-

ক) সংযুক্তি-৬ এ উপস্থাপিত ৬৪,৩১,০০০.১৭ (চৌষট্টি লক্ষ একত্রিশ হাজার দশমিক এক সাত টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির অনুমোদন।

(খ) সংগ্রহ কাজটির ব্যয়ভার সংগ্রহ বিভাগ-২ এর ২০২৪-২৫ অর্থ বছরের কর্ম-পরিকল্পনার "ভিএফডি ক্রয়" খাত এর ক্রমিক নং-০৯ হতে ব্যয় নির্বাহের অনুমোদন।

গ) সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুযায়ী Open Tendering Method (OTM) পদ্ধতিতে বাস্তবায়ন এর অনুমোদন।

ঘ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

রঞ্জন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।

সাইমুল হক
উপ-বিভাগীয় প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।

মোঃ মাজহারুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা

মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা